ধর্ষণ মামলায় অভিযুক্ত শিবির নেতা জিসান কারাগারে



শিবির নেতা জিসান। ছবি: সংগৃহীত

ফেসবুক পরিচয়ের সূত্রে এক বিধবা নারীকে ধর্ষণ এবং পরে জোরপূর্বক গর্ভপাত করানোর অভিযোগে দায়ের করা মামলায় ইসলামী ছাত্রশিবিরের বহিষ্কৃত কেন্দ্রীয় নেতা জিসান মিয়া প্রধানকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার (১৬ জুন) বিকেলে কুমিল্লার ৩ নম্বর আমলী আদালতের বিচারক তৈয়ব উদ্দিন এ আদেশ দেন। এর আগে চিকিৎসাধীন অবস্থায় হাসপাতাল থেকে তাকে ছাড়পত্র দেওয়া হয়।

মামলার এজাহার ও পুলিশ সূত্রে জানা যায়, সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের মাধ্যমে এক বিধবা নারীর সঙ্গে পরিচয়ের পর তাদের মধ্যে সম্পর্ক গড়ে ওঠে। পরবর্তীতে সেই সম্পর্ককে কাজে লাগিয়ে অভিযুক্ত ব্যক্তি ওই নারীকে ধর্ষণ করেন এবং পরে তিনি অন্তঃসত্ত্বা হয়ে পড়লে তাকে জোরপূর্বক গর্ভপাত করানো হয় বলে অভিযোগ রয়েছে। এছাড়া বিয়ের প্রতিশ্রুতি দিয়ে পরে যোগাযোগ বন্ধ করে আত্মগোপনে চলে যান তিনি।

গত শুক্রবার রাতে কুমিল্লার লাকসাম রেলওয়ে জংশন এলাকা থেকে জিসান মিয়াকে অচেতন অবস্থায় উদ্ধার করে পুলিশ। পরে ভুক্তভোগী নারী বাদী হয়ে তাকে প্রধান আসামি করে দাউদকান্দি থানায় মামলা করেন।

হাসপাতাল থেকে ছাড়পত্র পাওয়ার পর তাকে আদালতে হাজির করা হলে বিচারক জামিন আবেদন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।